

وجوب لزوم السنة

الشيخ عبدالعزيز بن

ترجمة محمد رقيب الد

## সুনাতে রাসূল আঁকড়ে ধরা এবং বিদ্আত থেকে সতর্ক থাকা অপরিহার্য


মৃলঃ– শেখ আব্দুল আযীয় বিন আব্দুল্লাহ বিনু বায

মুখজী তথান, মহাপৰিচালক ইসলামী গৱেৰবা ও কাঙ্বৰা অধিনধাৰ ও অধান,উচ্চ ওলামা পৰিষদ সৌনী আৰব অনুবালঃ মুহান্দদ বুকীবুনীন আহ্মান হোসাইন মুদ্ৰৰ ও একাশনায়। ইসনাৰী কাওবাৰ,এলাৰ,বাৰকাৰ ও বৰ্গ বিজ্ঞাক মহাণালয় মোনী বাৰৰ।

## সুন্নাতে রাসুল আঁকড়ে ধরা এবং বিদআ'ত থেকে সতর্ক থাকা অপরিহার্য

মৃল জারবীঃ মহামান্য শারণ জামুল জামীয় বিন আসুরাহ বিন বায প্রথান, ইসলামী গবেষণা, ইফ্ডা, দাওরাড ও ইরশাদ বিভাগ, রিরাদ

> অনুবাদঃ বৃহাবদ রকীকুদীন আহমদ ভূসাইন



### আল্লামা শায়খ বিন বাবের সংক্ষিপ্ত পরিচয়

আরামা শারণ আবদুল আধীব বিল আবদুরাহ বিল বাব বর্তমান
মুসলিম বিশ্বে এক সুপরিচিত ইসলামী ব্যক্তিত্ব। অনন্য প্রজ্ঞা,
অসাধারণ পাণ্ডিত্ব, উদার চরিত্র এবং ইসলাম ও মুসলমানদের স্বার্থে
নিরলস পেদমতের জন্য দেশ ও মাবহাব নির্বিশেবে তিনি সকলের
কাহে সমাদৃত। বিশ্ব মুসলিমের ঐক্য ও সংহতি প্রতিষ্ঠার এবং
ইসলাম বিরোধী নানা চক্রান্ত ও কলা—কৌশলের বিরুদ্ধে তার
অকুতোতর জিহাদ সর্বত্র প্রশংসনীর। কুরআন ও সুরাতে বর্ণিত খাঁটি
ইসলামী আকুদার প্রচার এবং কাল—পরিক্রমার মুসলিম সমাজের
জাবীধা কুসজোর ও বিদ্আতের প্রতি অসুলি নির্দেশের মাধ্যমে
উন্ধাতের কাহে ইসলামের প্রকৃত রূপ প্নঃস্থাপনের চেটার তিনি
নিরোজিত। তাওহীদের প্রতিষ্ঠা ও সুরাতে রাস্লের বান্তবারন সংক্রান্ত
বিষয় তার লেখনী, বন্ধারণে কখনও কোন শব্বা বা প্রলোতন তার
অকুতোতর চরিত্রকে প্রতাবিত করতে পারেনি।

আরামা শারথ বিন বাষ ১৩৩০ হিজরীর জিলহাক্র মাসে সৌদী আরবের রাজধানী রিরাদ শহরে জন্ম গ্রহণ করেন। ছাত্র জীবনের প্রথম দিকে তাঁর দৃষ্টিশক্তি তালই ছিল। ১৩৪৬ সনেই তাঁর চোথে প্রথম রোগ দেখা দের এবং এর কলে তাঁর দৃষ্টিশক্তি দুর্বল হয়ে পড়ে। জতঃপর, ১৩৫০ সনের মুহাররাম মাসে অর্থাৎ বিশ বছর বয়সে তাঁর দৃষ্টিশক্তি সম্পূর্তাবে লোগ পার। এ সম্পর্কে তিনি বলেনঃ "আমার দৃষ্টিশক্তি হারানোর উপরও আমি আল্লাহ পাকের সর্ববিধ প্রশংসা জ্ঞাগন করি। আল্লাহ পাকের কাছে দোরা করি তিনি বেন এর

পরিবর্তে দুনিয়াতে জ্ঞান ও প্রজ্ঞা এবং আধিরাতে উন্তম প্রতিফল দান করেন, যেমন তিনি তাঁর রাস্ল মুহামাদ সাল্লাল্লাহ আলাইহি ভসাল্লামের ভাষায় এই সম্পর্কে প্রতিশ্রুতি দিয়েছেন। আমি আলাহ পাকের কাছে আরো দোয়া করি তিনি যেন দুনিয়াতে ও আধিরাতে আমার শুভ পরিণতি দান করেন।"

বাল্যকাল হতেই শায়খ বিন বাব লেখাপড়া শুরু করেন। বালেগ হওয়ার পূর্বেই তিনি কোরআন শরীফ হিক্জ করে ফেলেন। মকার খ্যাতনামা কারী শায়খ সা'দ ওকাস আল—বুখারীর নিকট তাজবীদ শিক্ষা লাভ করেন। অতঃপর তিনি সৌদী আরবের তৎকাশীন গ্রাভমুক্তী মুহামাদ বিন ইব্রাহীম বিন আবদুল লতীফ আলে শায়খ সহ দেশের খ্যাতনামা আলেমগণের নিকট শরীআতের বিভিন্ন শাত্রেও আরবী ভাষায় গভীর শিক্ষা লাভ করেন। গ্রাভমুক্তী শায়খ মুহামাদ বিন ইব্রাহীমের নিকট একাধারে তিনি দশ বছর বিভিন্ন ধর্মীয় বিষয়ে হাতে কলমে শিক্ষা গ্রহণ করেন।

১৩৫৭ সনে উক্ত শারখ মুহামাদ বিন ইব্রাহীমের প্রকাবানুবায়ী তিনি রিয়াদের অদ্রে আল—খারজ এলাকার বিচারপতি নিবৃক্ত হন।
দীর্ঘ চৌদ্দ বছর বিচারপতির দায়িত্ব পালনের পর ১৩৭২ সনে রিয়াদ প্রত্যাবর্তন করেন এবং রিয়াদ মাহাদে ইল্মীতে শিক্ষকতার কাজে নিয়োজিত হন। এর এক বছর পর তিনি রিয়াদের শরীআত কলেজে অধ্যাপনার কাজ শুরু করেন। দীর্ঘ নয় বছর এই কলেজে তিনি ফিক্হ, তাওহীদ ও হাদীস শাত্রে শিক্ষা দান করেন। ১৩৮১ সনে বখন মদীনায় ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় তখন শায়খ বিন বাব এর প্রথম ভাইস চালেলর পদ অলভ্বত করেন। ১৩৯০ সনে তিনি বিশ্ববিদ্যালয়ের চালেলরের পদে উনীত হন এবং ১৩৯৫ সন পর্যন্ত এই পদে বহাল থাকেন। অতঃপর ১৩৯৫ সনে বাদশাহী এক ফরমানের অধীনে তাঁকে শ্ইসলামী গবেষণা, ফাত্ওয়া, দাওয়াত ও

ইরশাদ" দারুল ইফ্তা নামক সৌদী আরবের সর্ব্বোচ ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান নিয়োগ করা হয়। অদ্যাবদি, তিনি এই গুরুত্বপূর্ণ পদে সাফল্যের সাথে দায়িত্ব পালন করে যাচ্ছেন।

উক্ত দায়িত্বের পাশাপাশি আরো অনেক সহযোগী সংস্থার সাথে শায়র্ব বিন বাষ জড়িত রয়েছেন। যেমন ঃ

- ১। সদস্য, উচ্চ উनाমা পরিষদ, সৌদী আরব।
- ২। প্রধান, স্থায়ী ইসলামী গবেষণা ও ফাত্তরা কমিটি।
- ৩। প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট ও সদস্য, রাবেতায়ে আলমে ইসলামী।
- ৪। শ্রেসিডেন্ট, আন্তর্জাতিক মসজিদ সংক্রোন্ত উচ্চ পরিষদ।
- ৫। সদস্য, উচ্চ পরিষদ, মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়।
- ৬। শ্রেসিডেন্ট, ইসলামী ফিক্হ পরিবদ, মকা শরীফ।
- ৭। সদস্য, উচ্চ কমিটি দাওয়াতে ইসলামী, সৌদী আরব।

আল্লামা শায়থ বিন বাব ছোট-বড় অনেক মৃশ্যবান প্রস্থের রচয়িতা। তনাধ্যে সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিপন্থী বিষয়, ইসলামের দৃষ্টিতে আরব জাতীয়তাবাদ, আল্লাহর দিকে আহবান ও আহবানকারীর চরিত্র, স্নাতে রাস্ল আঁকড়ে ধরা, বেদআত থেকে সতর্ক থাকা অপরিহার্য, হাজ্ক, উমরা ও বিয়ারত সম্পর্কিত বিষয়াদির বিশ্রেষণ, আল্লাহর পথে জিহাদ ইত্যাদি। এ ছাড়া শরহ আকীদায়ে তাহাতীয়া ও ফাতহল বারী শারহ বুখারী সহ কয়েকটি প্রস্থের উপর তার টিকা রয়েছে।

সম্প্রতি শায়খ বিন বাবের বিভিন্ন বক্তৃতা, রচনা, প্রশ্লোন্তর ও পত্রাবলী একত্রে সংকলনের কাজ শুরু হয়েছে। মাজ্মু ফাতাওয়া ও মাকালাত মুতানাওয়ীয়া ( কুলিনের প্রথম চার খন্ড ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে। ৫ম ও ৬ট খণ্ডের কাজ সমান্তির পথে। সংকলনের প্রথম ছয় খণ্ডই তাওহীদ ও তার আনুসাঙ্গিক বিষয়াদির উপর। পরবর্তী খন্ত- গুলোতে বথাক্রমে হাদীস, সালাভ্, সিয়াম, **ৰাকাভ, হাজ্ক ই**ড্যাদি জ্ঞভুক্ত হবে।

"ইসলামী গবেষণা" পত্রিকার সম্পাদক এবং শার্মধ বিন বাবের বিশেষ উপদেষ্টা ডঃ মুহামাদ বিন সা'দ আল—শুয়াইর এর তত্ত্বাবধানে আমার উপর এই সংকলনের দায়িত্ব অর্পিত হওয়ার আমি নিজেকে ধন্য মনে করছি। এই মহান দায়িত্ব পালনে আল্লাহ পাকের বিশেষ তাওফীক কামনা করি।

আল্লামা শারার বিন বাব বিভিন্ন রকমের গুরুদায়িত্ব পালনে লিঙ থাকা সত্ত্বেও দাওয়াত, দরস ও ওয়াজ নসীহতের কর্তব্য থেকে কর্ষনও বিচ্যুত হননি। সংকাজের আদেশ ও অসংকাজে নিবেধ থেকে কোন উপলক্ষ বাদ পড়েনি। আল—খারজ এলাকায় বিচারপতি থাকাকালীন সেখানে দরস ও ওয়াজ নসীহতের হালকা প্রবর্তন করেন। রিয়াদ প্রত্যাবর্তনের পর রিয়াদস্থ প্রধান জামে মসজিদে বে দরসের প্রবর্তন করেছিলেন তা আজও জারী রয়েছে। মদীনায় থাকা কালীন সেখানেও দরসের হালকা প্রবর্তন করেন। এমন কি সাময়িক ভাবে কোন শহরে স্থানাস্তরিত হলে সেখানেও তিনি দরসের হলকা জারী করেন। এতঘাতীত, সময়ে সময়ে বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে ইসলামের বিভিন্ন বিষয়ে সারগর্ত বক্তৃতা ও উলদেশ প্রদানের স্থোগও তিনি হাত ছাড়া করেন না।

আল্লাহ পাক তাঁকে ইসলাম ও মুসলমানদের খেদমতের জন্য আরো তাওফীক এবং ইহকাল ও পরকালে শুভ পরিণতি দান করুন। আমীন।

সুহামাদ রকীবৃদীন হুসাইন মাহে রামাবান, ১৪১১ হিজরী



পরম করুণাময় মেহেরবান আল্লাহর নামে শুরু করছি

#### সুন্নাতে রাসৃল আঁকড়ে ধরা এবং বিদ্আ'ত থেকে সতর্ক থাকা অপরিহার্য

সকল প্রশংসা আল্লাহর জন্য যিনি দ্বীনকে পূর্ণতা দান করেছেন এবং আমাদের জন্য সকল কল্যাণ বিধান করে ইসলামকে দ্বীন হিসাবে নির্বাচন করেছেন। শান্তি ও করুণা বর্বিত হউক তাঁরই বিশেষ বান্দাহ ও রাসূল মুহামদের উপর যিনি অতিরঞ্জন, বিদআ'ত (নব প্রথা) ও পাপাচার হতে মুক্ত থেকে তাঁর প্রভূর আনুগত্য করার প্রতি আহ্বান করেছেন। আল্লাহ তাঁর উপর, তাঁর বংশধর ও সাহাবী এবং কিয়ামত পর্যন্ত যারা তাঁর প্রদর্শিত পথের অনুসারী হবে সকলের উপর করুণা বর্ষণ করুন।

পতঃপর, ভারতের উত্তর প্রদেশের শিল্প নগরী কানপুর থেকে প্রকাশিত 'ইদারাভ' নামক এক উর্দু সাগুছিকীর প্রথম পৃষ্ঠায় প্রকাশিত একটি প্রবন্ধ সম্পর্কে আমি অবহিত হলাম। এতে প্রকাশ্যভাবে সৌদী আরবের অবলবিত ইসলামী আঝীদা সমূহ এবং বিদআ'ত বিরোধিতার উপর আক্রমণাত্মক অভিযান চালানো হয়েছে। সৌদী সরকার কর্তৃক অবলবিত সলকে সালেহীনের আঝীদাকে সুনাহ বিরোধী বলে দোষারোপ করা হয়েছে। লেখক আহলে সুনাতের মধ্যে এক্য ও সংহতি বিনষ্ট করে তাদের মধ্যে বিদআ'ত ও কুসংস্কারের প্রসার সাধনের দ্রভিসন্ধি নিয়েই উক্ত প্রবন্ধটি রচনা করেছেন।

নিঃসন্দেহে এটি একটি জঘন্য আচরণ ও ভরানক চক্রান্ত, যার উদ্দেশ্য ইসলাম ধর্মের ক্ষতি এবং ভ্রষ্টতা ও বিদ্যা'তের প্রসার সাধন। লেখক রাস্পুরাহর জন্মানুষ্ঠান বা মিলাদ মাহফিল আয়োজনের উপর পরিষ্কারতাবে জাের দিয়েছেন এবং এ প্রসঙ্গ ধরে সৌদী আরব ও তার নেতৃত্বের বিশুদ্ধ আঝুীদার উপর বিরূপ আলােচনার সূত্রপাত করেছেন। অতএব, জনসাধারণকে এ সম্পর্কে সতর্ক করে দেওরার প্ররোজন অনুতৃত হওরায় আল্লাহ তারালার সাহায্য প্রার্থনা করে আমি নিম্রোক্ত বক্তব্য প্রদান করছি।

রাসৃল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বা অন্য কারো জন্মোৎসব পালন করা জারেজ নয়, বরং তা বারণ করা অবশ্য কর্তব্য। কেননা, এটি ধর্মে নব প্রবর্তিত একটি বিদআ'ত। রাসৃল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কখনও এ কাজ করেননি। তার নিজের বা তার পূর্ববর্তী কোন নবী বা তার কোন দূহিতা, ব্রী, আত্মীয় অথবা কোন সাহাবীর জন্মদিন পালনের কোন নির্দেশ তিনি দেননি। খোলাফারে রাশেদীন, সাহাবারে কেরাম (আল্লাহ তারা'লা তাদের সকলের উপর সম্বৃষ্ট হউন) অথবা তাদের সঠিক অনুসারী তাবেয়ীনদের মধ্যেও কেউই এমন কাজ করেননি। এমনকি, আমাদের পূর্ববর্তী অধিকতর উত্তম যুগে কোন আলেমও এ কাজ করেননি। অথচ তারা স্রাহ সম্পর্কে জামাদের চেয়ে অধিকতর জ্ঞান রাখতেন এবং আল্লাহর রাসৃল ও তার শরীয়ত পালনকে সর্বাধিক তালবাসতেন। বিদি এ কাজটি এমনই সওয়াবের হতো তাহলে তারা আমাদের জাগেই তা করতেন।

দ্বীনে ইসলামী একটি পরিপূর্ণ ধর্ম। আল্লাহ তারা'লা বীর রাস্লের মাধ্যমে যে শরীরত প্রবর্তন করেছেন তা বরং সম্পূর্ণ বিধার আমাদেরকে তা অনুসরণের নির্দেশ দেওরা হয়েছে এবং বিদআ'ত যা নতুন কোন প্রধার সংযোজন থেকে নিবেধ করা হয়েছে। আহলে স্নাত ওরাল জামারা'ত এই শিক্ষা সাহাবায়ে কেরাম ও তাঁদের সঠিক অনুসারী তাবেয়ীনদের কাছ থেকে সর্বান্তঃকরণে গ্রহণ করেছেন।

নবী করীম সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম থেকে সহীহ হাদীসে বর্ণিত আছে, তিনি বলেছেন– 'আমাদের এই ধর্মে যে কেউ নতুন কিছু উদ্ভাবন সুৱাতে রাসুল অকিছে ধরা এবং বিদলাত থেকে সতর্ক থাকা জনরিহার্ব

করবে তা প্রত্যাখ্যাত হবে।' এই হাদীসটি বোখারী ও মুসলিমে বর্ণিত হয়েছে। সহীহ মুসলিমে বর্ণিত জন্য এক হাদীসে নবী করীম সাল্লাল্লাহ জালাইই ওয়াসাল্লাম বলেছেন— 'কেউ বিদি এমন কান্ধ করে যা জামাদের এই ধর্মে নেই তাহলে তা প্রত্যাখ্যাত হবে।' তিনি জন্য এক হাদীসে এরশাদ করেছেন— 'তোমরা জামার সুরাত এবং জামার পরবর্তী খোলাফায়ে রাশেদীনের সুরাত পালন করবে। জার, তা দৃঢ়তার সাথে ধারণ করবে। সাবধান! কখনও ধর্মে নব প্রবর্তিত ক্রোন বিষয় গ্রহণ করবে না। কেননা প্রত্যেক নব প্রবর্তিত বিষয়ই বিদজা'ত এবং প্রত্যেক বিদজা'তই পথ্রভ্রতা।' রাসূল সাল্লাল্লাহ জালাইহি ওয়াসাল্লাম জুম'জার দিন খুংবায় বলতেন—'নিচয়ই সর্বোন্তম কথা হলো জাল্লাহর কিতাব জার সর্বোন্তম হেদায়াত হলো মুহামদ সাল্লাল্লাহ জালাইহি ওয়াসাল্লামের হেদায়াত। সর্বনিকৃষ্ট বিষয় হলো মনগড়া নব প্রবর্তিত বিষয় বিদজা'ত এবং এরূপ প্রতিটি বিদজা'ত—ই পথ্রভ্রতা।'

এই সমন্ত হাদীসে বিদজা'ত প্রবর্তনের বিরুদ্ধে কঠোর সতর্ক বাণী উচ্চারণ করা হয়েছে এবং উত্মতকে এর ভয়াবহতা সম্পর্কে সাবধান করা হয়েছে। জার, এতে লিপ্ত হওয়া থেকে ভীতি প্রদর্শনকরা হয়েছে। এ বিষয়ে জারো জানেক সহীহ হাদীস বর্ণিত জাছে।

আল্লাহ তায়া'লা বলেন–

﴿ وَمَا مَالَنَكُمُ ٱلرَّسُولُ فَحُدُوهُ وَمَا نَهَاكُمْ عَنِّهُ فَأَنَّهُوا ﴾

রাসৃশ সাল্লাল্লান্থ আলাইথি ওয়াসাল্লাম যা নিয়ে এসেছেন তা গ্রহণ কর এবং যা কিছু নিষেধ করেছেন তা থেকে বিরত থাক।' (সূরা হাশর–৭) আল্লাহ তায়া'লা আরও বলেন–

﴿ فَلْيَحْذَرِ ٱلَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَمْرُهِ ۚ أَن تُصِيبَهُمْ فِتْنَةً أُوْيُصِيبَهُمْ عَذَاجُ أَلِيدٌ ﴾

'যারা তাঁর (রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওরাসাল্লাম) হকুমের বিরোধীতা করে তাদের ভর করা উচিত যে, তাদের উপর কোন ফেৎনা বা কোন মর্মস্কুদ শান্তি আসতে পারে।' (সুরানূর-৬৩)

প্রকৃতপকে, তোমাদের মধ্যে যারা পরকালের আশা রাখে এবং আলাহকে খুব বেশী করে অরণ করে তাদের জন্য রাস্লুল্লাহ সাল্লালাহ আলাইহি ওয়াসাল্লামের জীবনে এক সর্বোত্তম নমুনা বর্তমান রয়েছে।'

(সূরাআহ্বাব-২১)

আল্লাহ ভায়া'লা আরও বলেন–

﴿ وَالسَّنِيقُونَ الْأُولُونَ مِنَ الْمُهَجِرِينَ وَالْأَنْصَارِ وَالَّذِينَ اَتَّبَعُوهُم بِإِحْسَنِ رَضِي اللَّهُ عَنْهُمْ وَرَضُواْعَنْهُ وَاعْدَ لَمُمْ جَنَّنْتِ تَجْدِي تَعْتَهَا ٱلْأَنْهَارُ خَلِدِينَ فِيهَا أَبْدًا ذَلِكَ الْفَوْرُ ٱلْفَظِيمُ ﴾

'সেসব মৃহাজির ও আনসার, যারা সর্বপ্রথম ঈমানের দাওয়াত কবুল করেছিল এবং যারা নিতান্ত সততার সাথে তাদের অনুসরণ করেছিল তাদের উপর আল্লাহ সন্তুষ্ট রয়েছেন এবং তারাও আল্লাহ তায়ালার উপর সন্তুষ্ট। আল্লাহ তায়া'লা তাদের জন্য এমন জালাত সমূহ তৈরী করে রেখেছেন যার নিমদেশে ঝণাধারা সর্বদা প্রবাহমান। এই জালাতে তারা চিরস্থায়ী হয়ে থাকবে। বস্তুতঃ ইহা এক বিরাট সাফল্য।' (সূরা তাওবা–১০০)

আল্লাহ তায়া'লা আরও বলেন-

﴿ ٱلْيَوْمَ اكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَنْمَتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ ٱلْإِسْلَمَ دِينًا ﴾

#### कुतारक तामून कॉकरक सता अवर विम्ला'क स्थर मकर्म बाका कगतिवार्य

'আজ আমি তোমাদের দ্বীনকে তোমাদের জন্য সম্পূর্ণ করে দিলাম, আর, তোমাদের প্রতি আমার নেয়ামত পূর্ণ করে ইসলামকে তোমাদের দ্বীন হিসাবে পছন্দ করে নিলাম।' (সুরামায়েদা–৩)

এই আয়াত য়ায়া সৃস্পায়ভাবে প্রমাণিত হয় বে, আয়াহ এই উমতের জন্য প্রবর্তিত য়ীনকে পরিপূর্ণ করেছেন, তার নেয়ামতকে সম্পূর্ণ করেছেন। নবী সায়ায়াছ আলাইহি ওয়াসায়াম তার উপর অর্পিত বালাগে মুবীন বা স্পায় বার্তাকে পৌছাবার এবং কথায় ও কাজে শরীয়তকে বান্তবায়িত করার পরই পরলোক গমন করেন। তিনি এই বিষয়টি পরিয়ার করে বলে গেছেন বে, তার পরে লোকেরা কথায় বা কাজে যেসব নব প্রথার উদ্ভাবন করে শরীয়তের সাথে সম্পূক্ত করবে সেসব বিদআ'ত বিধায় প্রত্যাখ্যাত হবে। বিদিও এগুলোর প্রবক্তার উদ্দেশ্য সং থাকবে। সাহাবায়ে কেরাম ও তাবেয়ীগণ বিদআ'ত থেকে জলগণকে সতর্ক ও ভয় প্রদর্শন করেছেন। কেননা এটা ধর্মে অতিয়িক্ত সংযোজন যার অনুমতি আয়াহ তায়া'লা কাউকে দেননি এবং ইহা আয়াহর শক্র ইহদী ও ব্রীষ্টান কর্ত্বক তাদের ধর্মে নব নব প্রথা সংযোজনের সঙ্গে সামস্কস্য স্বরূপ। এরূপ করার অর্থ এই দাঁড়ায় যে, ইসলামকে অসম্পূর্ণ ও ক্রাটিপূর্ণ বলে মিথ্যা অপবাদ দেওয়ার সূযোগ প্রদান করা। এটা যে কত বড় ফাসাদ ও জঘন্য কর্ম এবং আয়াহর বাণীর বিরোধী তা সর্বজন বিদিত।

আল্লাহ বলেন-

﴿ ٱلْيُومَ أَكُمْ أَكُمْ أَكُمْ وِينَكُمْ ﴾

'**আজ আমি তোমাদের জ**ন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করে দিলাম।' (সূরামায়েদা-৩)

সেই সাথে ইহা রাসৃল সান্ধান্ধাছ আলাইহি ওয়াসান্ধামের পরিস্কার হাদীস সমূহ বেগুলোতে ডিনি বিদ্বা'ত থেকে সতর্ক ও দূরে থাকতে বলেছেন সেগুলোরও সম্পূর্ণ পরিপন্ধী।

মিলাদ মাহফিল বা নবীর জন্মোৎসব পালন বা এ জাতীয় জন্যান্য উৎসবাদির প্রবর্তনের মাধ্যমে এ কথাই বোঝা যায় যে, আল্লাহ তায়া'লা এই উন্মতের জন্য ধর্মকে পূর্ণতা দান করেননি এবং যা যা করণীয় তার বার্তা রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উন্মতের নিকট পৌঁছাননি। তাই, এইসব পরবর্তীকালের লোকেরা এসে এমন কিছু প্রবর্তন করেছেন ষার অনুমতি আল্লাহ তারা'লা তাদের দেননি, অথচ তারা তাবছেন এতে আল্লাহর নৈকটা অর্জিত হবে। নিঃসন্দেহে এতে মারাতাক ভয়ের কারণ রয়েছে এবং তা আল্লাহ তায়া'লা ও তাঁর রাসুল সাল্লাল্লাছ আলাইহি ওরাসাল্রামের উপর আপন্তি উত্থাপনের শামিল। অথচ আল্লাহ তাঁর বান্দাহদের জন্য ধর্মকে সর্বাঙ্গীনভাবে পূর্ণ করেছেন ও তীর নেয়ামত সম্পূর্ণ করেছেন এবং রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম ইসলামের কাষ্ট বার্তা যথাবর্থতাবে পৌছিয়েছেন। তিনি এমন কোন পথ যা জারাতের পানে নিয়ে বার এবং জাহারাম থেকে দূরে রাখে উন্মতকে তা বাতলাতে কসূর করেননি। বেমন- আব্দুল্লাহ বিন আমর বিন আ'স থেকে সহীহ হাদীস বর্ণিত হরেছে, রাসুশুরাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'আল্লাহ যত নবী পাঠিয়েছেন উন্মতের প্রতি তাদের দায়িত্ব এই ছিল যে, উন্মতের জন্য যা কিছু ভাল জানেন তাই বলবেন আর যা কিছু মন্দ বলে জানেন তা থেকে তাদেরকে সভর্ক করবেন।' সহীহ মুসলিমে এই হাদীস বর্ণিত হয়েছে।

এ কথা সকলের জানা আছে যে, আমাদের নবী সকল নবীদের মধ্যে প্রেষ্ঠ ও সর্বশেষ। তিনি সবার চেয়ে অধিকতর পরিপূর্ণভাবে দ্বীনের পয়গাম ও উপদেশ বার্তা পৌছিয়েছেন। যদি মিলাদ মাহফিল আল্লাহ্ কর্তৃক মনোনীত দ্বীনের অংশ হতো তাহলে তিনি নিক্তয়ই উম্মতের কাছে বর্ণনা করতেন বা তাঁর সাহাবীগণ তা করতেন। যেহেতৃ এমন কিছু পাওয়া যায় না, অতএব, প্রমাণিত হয় য়ে, ইসলামের সাথে এই মিলাদ মাহফিলের কোনই সম্পর্ক নেই বরং এটা বিদআ'ত যা থেকে রাসূল সাল্লাল্লাহ

আলাইহি ওরাসাল্লাম তাঁর উন্মতকে সতর্ক থাকতে বলেছেন। বেমন পূর্বোক্সেম্বিত হাদীস সমূহে বর্ণিত হয়েছে।

এক দল উলামারে কেরাম উপরোক্ত ও অন্যান্য দলীলের উপর ভিত্তি করে মিলাদ মাহফিল পালনের বৈধতা অস্বীকার করতঃ এ সম্পর্কে সতর্ক করে দিয়েছেন। এটা জানা কথা যে, বিরোধপূর্ণ বিষয় এবং হালাল বা হারামের ব্যাপারে শরীয়তের নীতি হলো কোরআন ও হাদীসে রাসূল—এর মীমাংসা অনুসন্ধান করা। যেমন—

আল্লাহ তায়া'লা বলেছেনঃ

﴿ يَتَأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا أَطِيعُوا ٱللَّهَ وَأَطِيعُوا ٱلصَّوُلَ وَأُوْلِي ٱلْأَمْرِ مِنكُرْ، فَإِن لَنَزَعْلُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَىٰ اللَّهِ وَٱلرَّسُولِ إِن كُنْهُمُ تُؤْمِنُونَ بِٱللَّهِ وَٱلْيُوْمِ ٱلْآخِرِذَالِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا ﴾

'হে ইমানদারগণ। আনুগত্য কর আল্লাহর, আনুগত্য কর রাস্লের এবং তোমাদের মধ্যে কর্তা ব্যক্তিদের। যদি কোন বিষয়ে তোমাদের মধ্যে মত বিরোধ দেখা দের তাহলে তা আল্লাহ ও তাঁর রাস্লের দিকে ফিরিয়ে দাও যদি তোমরা আল্লাহ তায়া'লা ও কিয়ামতের উপর বিশ্বাস করে থাক। এটাই উৎকৃষ্ট এবং পরিণতির দিক দিয়ে সর্বোন্তম পদ্বা।

(সূরানিসা–৫৯)

আল্লাহ তায়া'লা আরও বলেন–

﴿ وَمَا ٱخْلَلْفَتُمْ فِيهِ مِنشَى إِفَكُكُمُهُ إِلَى اللهِ ﴾

'তোমরা যে বিষয়েই মতভেদ করনা কেন তার মিমাংসা আল্লাহরই নিকট রয়েছে?' (সুরা শুরা–১০)

যদি এই মিলাদ মাহফিলের বিষয়টি সম্পর্কে কোরআন শরীফের দিকে ফিরে যাই তাহলে দেখতে পাই আল্লাহ তাঁর রাসূল যা আদেশ বা নিষেধ করেছেন আমাদের তা–ই অনুসরণ করার নির্দেশ দেন এবং জানান সূলাতে রাসূল অকিছে ধরা এবং বিদলা'ড থেকে সতর্ব থাকা অণরিহার্ব

যে, তিনি এই উন্মতের জন্য তাদের ধর্মকে পূর্ণতা দান করেছেন। রাসূপ সাল্লাল্লাহ আলাইহি গুয়াসাল্লাম যা নিয়ে এসেছেন তার মধ্যে মিলাদ জনুষ্ঠানের কোন ইঙ্গিত পর্যন্ত নেই। সূতরাং এ কাজ সে দ্বীনের জন্তর্ভূক্ত নর যা আল্লাহ তারা'লা আমাদের জন্য পূর্ণ করে দিয়েছেন এবং এ ব্যাপারে আমাদেরকে তাঁর রাসূলের পদাঙ্ক জনুসরণ করার নির্দেশ রয়েছে।

এভাবে যদি আমরা এ ব্যাপারে সুরাতে রাসৃল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের দিকে লক্ষ্য করি তাহলে দেখতে পাই যে রাসৃল এ কাজ করেননি, এর আদেশও দেননি। এমনকি তাঁর সাহাবীগণও (তাঁদের উপর আলাহর সন্তুটি বর্ষিত হউক) তা করেননি। তাই আমরা বৃঝতে পারি যে, এটা ধর্মীয় কাজ নয় বরং বিদআ'ত এবং ইহদী ও খ্রীষ্টানদের উৎসব সমূহের অন্ধ অনুকরণ। যে ব্যক্তির সামান্যতম বিচক্ষণতা আছে এবং হক গ্রহণে ও তা অনুসন্ধানে সামান্যতম বিবেকও আগ্রহ রাখে তার বৃঝতে কোন অসুবিধা হবে না যে, ধর্মের সাথে মিলাদ মাহফিল বা যাবতীয় জন্ম বার্ষিকী পালনের কোন সম্পর্ক নেই। বরং যে বিদআ'ত সমূহ থেকে আলাহ ও তাঁর রাসূল নিষেধ ও সতর্ক করেছেন এটি সেগুলোরই অন্তর্ভূক্ত।

বিভিন্ন স্থানে অধিক সংখ্যক লোক এই বিদলা'তী কাজে লিঙ দেখে কোন বৃদ্ধিমান লোকের পক্ষে প্রবঞ্চিত হওয়া সংগত নর। কেননা ন্যার বা হক লোকের সংখ্যাধিক্যের ভিত্তিতে জানা যার না বরং শরীরতের দলীল সমূহের মাধ্যমে তা জনুধাবন করা হয়। যেমন জাল্লাহ তারা'লা ইহুদী ও খ্রীষ্টানদের সম্পর্কে বলেছেন—

﴿ وَقَالُواْ لَن يَدْخُلَ الْجَنَّةَ إِلَّا مَن كَانَ هُودًا أَوْ نَصَنْرَىٰ تِلْكَ أَمَانِيُّهُمْ قُلْ هَا أَوْ نَصَنْرَىٰ تِلْكَ أَمَانِيُّهُمْ قُلْ هَا أَوْ نَصَنْرَىٰ قِلْكَ أَمَانِيُّهُمْ قُلْ هَا أَوْ نَصَانُوا بُرْهَا نَاكُمُ مَا إِن كُنتُمْ صَندِ قِبِرَ ﴾ "

'ভারা বলে ইহুদী ও খ্রীষ্টান ছাড়া অন্য কেউ জারাতে কখনও প্রবেশ করবে না।এটা ভাদের মিখ্যা আশা।আপনি বলুন, যদি ভোমরা সভ্যবাদী হয়ে থাক ভাহলে যুক্তি প্রমাণনিয়ে এসো।' (স্রা বাকারা–১১১) আল্লাহ তায়া'লা আরও বলেন–

## ﴿ وَإِن تُعِلِعُ أَحْثُرُ مَن فِ ٱلْأَرْضِ يُضِ لُوكَ عَن سَبِيلِ اللَّهِ ﴾

'যদি আপনি এই পৃথিবীর সংখ্যাগরিষ্ঠ লোকের অনুসরণ করেন তাহলে তারা আপনাকে আল্লাহ তারা'লার পথ থেকে বিভ্রান্ত করে দেবে।' (সূরাআন'আম–১১৬)

এই মিলাদ মাহফিল সমূহ বিদ্বাত হওয়ার সাথে সাথে অনেক এলাকায় প্রায়শঃ তা অন্যান্য পাপাচার থেকেও মৃক্ত হয় না। যেমন নারী—পুরুষের সংমিশ্রণ, গান—বাজনা ও মাদক দ্রব্যের ব্যবহার ইত্যাদি। সর্বোপরি এইসব মাহফিলে শিরকে আকবর সংঘটিত হয়ে থাকে। আর তা হলো—রাসূলুছাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম ও অন্যান্য আওলিয়ায়ে কেরামের ব্যাপারে বাড়াবাড়ি করা, তাদের কাছে দোয়া করা, সাহায্য ও বিপদ মৃক্তির প্রার্থনা করা এবং এই বিশ্বাস পোষণ করা যে, তারা গায়েব জানেন, ইত্যাদি কাজ যা করলে লোক কাফের হয়ে যায়। কারণ, রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত সহীহ হাদীসে রয়েছে, তিনি বলেছেন—'সাবধান। ধর্মে অতিরঞ্জন করো না। তোমাদের আগে যারা ছিল তারা ধর্মে অতিরঞ্জনের ফলেই ধ্বংসপ্রাপ্ত হয়েছে।'

রাসৃল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আরও বলেন— তোমরা আমার এমন অভি প্রশংসা করো না বেমন খ্রীষ্টানগণ ইবনে মারইয়ামের (ঈসা আলাইহিস সালাম) অভি প্রশংসার লিঙ হয়েছিল। আমি একজন বালা, ভাই আমাকে আল্লাহর বালা ও ভাঁর রাসৃল বলে উল্লেখ করে।' ইমাম বৃখারী ভাঁর সহীহ গ্রন্থে এই হাদীসটি উল্লেখ করেছেন।

অতীব আকর্ষ ও বিষয়ের ব্যাপার এই যে, অনেক লোক এ ধরনের বিদমা'তী অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য খুবই তৎপর ও সচেষ্ট এবং এর প্রশক্তে যুক্তি প্রমাণ দাঁড় করাতে স্বতঃ প্রস্তৃত। অথচ তারা জামাতের নামাজে ও জু'মার নামাজে অনুপস্থিত থাকতে কুষ্ঠাবোধ করে না, যদিও তা স্ত্রান্ডে রাস্ল অক্তে ধরা এবং বিদলা'ড থেকে সভর্ক থাকা অপরিহার্থ

আল্লাহ ওয়াজিব করেছেন। এমনকি এ বিষয়ে তারা মন্তক উদ্ভোলনও করে না এবং এটাও উপলব্ধি করে না যে, তারা একটি মারাত্মক অন্যায় কাজ করছে। নিঃসন্দেহে ঈমানের দূর্বলতা, ক্ষীণ বিচক্ষণতা ও নানা রকম পাপাচার হাদয়ে আসন করে নেওয়ার ফলেই এরকম হয়ে থাকে। আল্লাহ তারা'লার কাছে আমাদের এবং সকল মুসলিমের জন্য সংযম ও নিরাপত্তা কামনা করি।

এর চেয়েও বিষয়কর ব্যাপার এই যে, জনেকের ধারণা, রাস্পুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম মিলাদ মাহফিলে উপস্থিত হন। তাই তারা তাঁকে অভিনন্দন জানাতে দাঁড়িয়ে যান। এটা মন্ত বড় অসত্য ও হীন অক্ততা বৈ কিছু নয়। রাস্প সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কিয়ামতেব পূর্বে তাঁর কবর থেকে বের হবেন না, বা কারো সাথে যোগাযোগ করবেন না এবং কোন সমাবেশেও উপস্থিত হবেন না। বরং তিনি কিয়ামত পর্যন্ত বীয় কবরেই অবস্থান কর্বনে এবং তাঁর পাক রহ প্রভ্র নিকট উর্দ্ধতন ইল্লিনের সম্মানজনক স্থানে সংরক্ষিত থাকবে।

আল্লাহ ভায়া'লা বলেছেন–

﴿ثُمَّ إِنَّكُمْ بَعْدُ ذَالِكَ لَمَيْتُونَ ثُمَّ إِنَّكُمْ يَوْمَ ٱلْقِيكَ مَا قُتْمَتُوكَ

'এরপর ভোমাদের অবশ্যই মরতে হবে, অতঃপর কিয়ামতের দিন ভোমাদের অবশ্যই পূণরক্ষীবিত করা হবে।'

রাসূল সাল্লাল্লাছ আলাইবি ওয়াসাল্লাম বলেছেন— 'কিয়ামতের দিন আমার কবরই সর্ব প্রথম খণ্ডিত হবে। আমিই প্রথম সূপারিশকারী এবং আমারই সুপারিশ সবার আগে গৃহীত হবে।'

এই আরাত ও হাদীস শরীক এবং এই অর্থে আরও বেসব আরাত ও হাদীস এসেছে তার দারা বুঝা যার বে, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সহ অন্যান্য সব মৃত লোকগণ তথুমাত্র কিয়ামতের দিনইতাদেরকবর থেকে বের হবেন। সমস্ত মুসলিম আলেমগণের মধ্যে এ ব্যাপারে ঐক্যমত ইজমা) প্রতিষ্ঠিত রয়েছে। এতে কারো মত বিরোধ নেই। সূতরাং সকল মুসলিমের উচিত এসব বিষয়ে অবহিত হওয়া এবং ক্ষ লোকেরা বেসব বিদলা'ত ও কুসংক্ষার আল্লাহ পাকের নির্দেশ ব্যতিরেকে প্রবর্তন করেছে সেসব বিষয়ে সতর্ক থাকা।

রাসূল সাক্ষান্তাহ আলাইথি গুরাসাক্ষাম এর উপর দর্মদ ও সালাম পড়া নিঃসন্দেহে একটি ভাল আমল এবং আন্তাহর নৈকট্য লাভের এক উন্তম পদ্বা। বেমন আন্তাহ তারা'লা বলেছেন—

﴿إِنَّاللَّهَ وَمَلَتَهِ كَنَّهُ رُسُمُ لُونَ عَلَى ٱلنَّبِي بَثَأَيُّهُ ٱلَّذِيكَ وَامَنُواْ صَلُّواْ عَلَيْهِ

وَسَلِمُوا تَسْلِيمًا ﴾

'নিচরই জাল্লাহ ও কেরেশতাগণ নবীর প্রতি দরদে পাঠান। হে মুমিনগণ তোমরাও তাঁর প্রতি দরদে ও সালাম পাঠাও।'

(সূরা আহ্যাব-৫৬)

নবী করীম সাক্ষান্তাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন- 'যে ব্যক্তি আমার প্রতি একবার দরন পাঠার আল্লাহ তারা'লা এর প্রতিদানে তার উপর দশবার দরন পাঠান।'

সব সময়ই দক্ষদ পড়ার বৈধতা ররেছে। তবে নামাজের পেবে পড়ার জন্য বিশেকতাবে তাকিদ করা হরেছে বরং অনেক আলেমের মতে নামাজের মধ্যে পেব তাপাহ্হদের সমর দক্ষদ পড়া ওরাজিব। অনেক ক্ষেত্রে এই দক্ষদ পড়া সূরাতে মুরাকাদা। বেমন— আযানের পরে, জুম'আর দিনে ও রাতে এবং রাসৃল সাল্লাল্লাছ আলাইহি ওরাসাল্লামের উল্লেখ হলে। এ ব্যাপারে অনেক হাদীস রক্ষেছে। এই বিষক্ষে আমি বা সভর্ক করতে চেরেছিলাম তা করেছি। আশা করি, আল্লাহ তারা'লা বার প্রতি উপলব্ধির ছার পুলেছেন-ও বার দৃষ্টি শক্তিতে আলো দান করেছেন তার জন্য এটুকুই যথেষ্ট।

সুৱাতে ৱাসুল অকিছে ধরা এবং বিদলা'ড খেকে সভর্ক ধাকা অপরিহার্য

আমার জেনে খুবই দৃঃখ হয় য়ে, এয়প বিদআ'তী অনুষ্ঠান এমন সব
মুসলমান ঘারাও সংঘটিত হচ্ছে যারা তাদের আকায়েদ ও রাস্লুল্লাহর
মহর্তের ব্যাপারে খুই দৃঢ়তা রাখেন। যে এইসবের প্রবক্তা তাকে বলছি,
যদি তুমি সুন্নী ও রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের অনুসারী
হওয়ার দাবী রাখ তাহলে বল, তিনি স্বয়ং বা তাঁর কোন সাহাবী বা তাদের
সঠিক অনুসারী কোন তাবেয়ী কি এ কাজটি করেছেন, না এটা ইছদী ও
খ্রীট্রান বা তাদের মত অন্যান্য আল্লাহর শক্রদের অন্ধ অনুকরণ? এ ধরনের
মিলাদ মাহফিল অনুষ্ঠানের মাধ্যমে রাস্লুল্লাহ সাল্লাল্লছ আলাইহি
ওয়াসাল্লামের প্রতি ভালবাসা প্রতিফলিত হয় না। যা করলে ভালবাসা
প্রতিফলিত হয় তা হলো তাঁর নির্দেশের অনুসরণ করা, যা কিছু তিনি
বলেছেন তা বিশ্বাস করা, যা কিছু নিষেধ করেছেন তা বর্জন করা। আল্লাহ
যেতাবে নির্দেশ করেছেন কেবল সেতাবেই তাঁর উপাসনা করা। এমনিতাবে,
রাস্লের উল্লেখ করা হলে, নামাজের সময় ও সদা সর্বদা যে কোন উপলক্ষে
তাঁর উপর দর্মদ পাঠ করার মাধ্যমে তাঁর প্রতি ভালবাসা প্রমাণিত হয়।

এই সমস্ত বেদ'আতী বিষয় অস্বীকার করে ওহ্হাবী আন্দোলন (লেখকের ভাষায়) নতুন কিছু করেনি। বক্তঃ ওহ্হাবীদের আক্বীদা হলো নিমুরূপঃ

কোরআন ও সুরাতে রাসৃল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আঁকড়ে ধরা এবং রাসৃল, তাঁর খুলাফায়ে রাশেদীন ও তাঁদের সঠিক অনুসারী তাবেরীনদের প্রদর্শিত পথে চলা। আল্লাহর মা'রেফাতের ক্ষেত্রে সলকে সালেহীন, আয়েমায়ে দ্বীন ও ধর্মীয় শাল্লবিদগণের পথ অনুসরণ করা এবং আল্লাহ তারা'লার সিকাতকে (গুণাবলী) সেতাবে গ্রহণ করা ফেতাবে কোরআন ও সহীহ হাদীসে বর্ণিত হয়েছে এবং বা রাস্ল সাল্লাল্লাছ আলাইহি ওরাসাল্লামের সাহাবীগণ সমর্থন ও গ্রহণ করেছেন। ওহ্হাবীগণ আল্লাহ তারালার সিকাতকে অবিকৃত ও দৃষ্টান্তহীন এবং কোন ধরণ ব্যতিরেকে বিনা দিধায় সেতাবে প্রমাণিত ও বিশাস করে চলেন ফেতাবে

স্কাতে রাস্থ অধিত্বে ধরা এবং বিদলাত থেকে সভর্ব থাকা অগরিহার্য

উহা তাদের কাছে পৌছেছে। তারা তাবেয়ীন ও তাদের জনুসারী (যারা ছিলেন ইলম, ঈমান ও তাক্ওয়ার অধিকারী) সলফে সালেহীন ও আইস্বারে দ্বীনের পথই আঁকড়ে ধরে আছেন। তারা এ—ও বিশ্বাস করেন বে, ঈমানের মূল ভিঙি হলো 'লা ইলাহা ইল্লাল্লাহ মুহাম্বাদ্র রাসূল্লাহ। (আল্লাহ ব্যতীত কোন মা'বৃদ নেই, মুহাম্বদ আল্লাহর রাসূল বা প্রেরিত পুরুষ)। এটাই এক আল্লাহর উপর বিশ্বাসের মূল ভিঙি ও ঈমানের প্রধান কথা। তারা এ—ও বিশ্বাস করেন যে, এই ঈমানী ভিঙির প্রতিষ্ঠায় ইলম, আমল এবং ইজমারে মুসলিমের (সমগ্র মুসলমানদের ঐক্যমত) শ্বীকৃতি অপরিহার্য্য।

এই মৌল বাক্যের অর্থ হলোঃ একক ও অদিতীয় আল্লাহর এবাদত করা অবশ্য কর্তব্য, আর আল্লাহ ছাড়া অন্য যা কিছু বা যে কেউ হোক কারোর উপাসনা করা যাবে না। এই সেই হিকমত যার জন্য দ্বীন ও ইনসানকে সৃষ্টি করা হয়েছে, রাস্লগণকে প্রেরণ করা হয়েছে এবং আসমানী গ্রন্থ সমূহ অবতীর্ণ করা হয়েছে। এতে রয়েছে একমাত্র আল্লাহরই প্রতি বিনয় ও তালবাসা, আনুগত্য ও সম্মান প্রদর্শন। এরই নাম ইসলাম ধর্ম যা ব্যতীত অন্য কোন দ্বীন না পূর্ববর্তীদের কাছ থেকে না পরবর্তীদের কাছ থেকে আল্লাহর কাছে গ্রহণযোগ্য। সমস্ত আদ্বিয়ায়ে কেরাম দ্বীনে ইসলামের অনুগামী ছিলেন এবং ইসলামের অন্তর্নিহিত আত্মসমর্পনের গুণে গুণাঝিত ছিলেন। অতএব, যে ব্যক্তি আল্লাহর কাছে এবং সেই সাথে অন্যের কাছেও আত্মসমর্পন করে বা প্রার্থনা করে সে মুশরিক। আর, যে ব্যক্তি আল্লাহর কছে আত্মসমর্পন করে বা প্রার্থনা করে সে মুশরিক। আর, যে ব্যক্তি আল্লাহর কছে আত্মসমর্পন করে না, সে আল্লাহর এবাদত করতে অহন্থারী দান্তিক বলে বিবেচিত।

অল্লাহ ভারালা বলেন-

﴿ وَلَقَدْ بَعَثَ أَنِ كُلُ أَمَّةِ رَّسُولًا أَنِ اعْبُدُواْ اللَّهَ وَاجْتَنِبُواْ الطَّلْغُوتَ ﴾

সুরাতে রাস্ল আঁকড়ে ধরা এবং বিদয়াত থেকে সতর্ক থাকা অপরিহার্ব
'আমি প্রত্যেক জাতির প্রতি রাস্ল প্রেরণ করেছি এই নির্দেশ দিরে যে
তোমরা আল্লাহর এবাদত কর এবং শয়তান ও অনুরূপ ভ্রান্ত শক্তি থেকে
দূরে থাক।'
(সূরা নাহল-২৬)

ওহ্হাবী পন্থীরা 'মৃহান্দ আল্লাহর রাসূল' এই সান্ধীর বান্তবারনে বিদলা'ত, কুসংস্কারএকংমৃহান্মাদ্র রাস্পুলাহর প্রবর্তিত পরীরত বিরোধী আচার অনুষ্ঠান বর্জনে দৃঢ় বিশ্বাসী।

শারধ মৃহামদ বিন আবৃদ ওহুহাবের (তাঁর উপর আল্লাহ তারা লার রহমত বর্ষিত হউক) এই ছিল আঝুদা। এই আঝুদার ভিন্তিতেই তিনি আল্লাহর বন্দেগী করেন এবং এর প্রতিই লোকদের আহ্বান জানান। বে ব্যক্তি এছাড়া অন্য কিছু তাঁর প্রতি সম্পৃক্ত করে, সে মিথা। এবং বানোরাট কথা বলে স্পষ্ট পাপ করছে। সে এমন কথা বলছে, যা তার জানা নেই। আল্লাহ তাকে এবং তার মত এইরেপ অপবাদকারীদের যথায়থ শান্তি দিবেন।

শারখ মৃহাত্মদ বিন আবৃদ ওহুহাব ষেসব মৃদ্যবান বিবৃতি দিরেছেন এবং অতি উচ্চমানের অনন্য গবেষণাপত্র ও পুত্তকাদি রচনা করেছেন তাতে তিনি কোরআন, সূনাহ ও ইজমার আলোকে তাওহীদ, এখলাস ও শাহাদাতের আলোচনা করে আল্লাহ ছাড়া অন্য সকলের এবাদতের যোগ্যতা খন্ডন করেছেন এবং ছোট বড় সকল প্রকার শিরক থেকে পাক হরে শুধু মাত্র আল্লাহকেই পূর্ণতাবে এবাদতের যোগ্য বলে বীকার করার বিষয়টি প্রমাণ করেছেন। যে ব্যক্তি তাঁর পুত্তকাদি যথায়থ অধ্যয়ন করেছে এবং তাঁর সৃশিক্ষিত ও যোগ্যতা সম্পন্ন সহচর ও শিব্যদের মতাদর্শ সম্পর্কে অবহিত হয়েছে সে সহজেই বুঝতে পারে যে, তিনি সলফে সালিহীন ও আইত্মারে দীনের মতাদর্শেরই অনুসারী ছিলেন। তিনি তাঁদেরই মত একমাত্র আল্লাহর এবাদতের কথা বলতেন এবং কুসংস্কার—বেদ'আতকে প্রত্যাখান করতেন।

সুনতে রাস্থ অবিজ্ আ ববং বিদ্যাত বেকে সতর্ব থাকা অশ্রিহার্ব
সৌদী সরকার এই মতের উপরই প্রতিষ্ঠিত এবং সৌদী উলাময়ে কেরামণ্ড
এই মতাদর্শের উপরই চলেছেন। সৌদী সরকার একমাত্র ইসলাম ধর্ম
বিরোধী বিদ'জাত ও কুসকোর এবং ধর্মীর ব্যাপারে রাস্ল সাল্লাছাছ
আলাইহি ভরাসাল্লাম কর্ম্বক নিবিদ্ধ সীমাভিরিক্ত ভক্তি ও অভিরক্তনের
বিরুদ্ধেই কঠোরভাবে সোভার। সৌদী আলেম সমাজ, জনগণ ও শাসকবর্গ
প্রতিটি মুসলমানকে অঞ্চল ও গোষ্ঠী নির্বিশেবে গভীরভাবে প্রভা করেন।
ভালের মনে সবার জন্য ররেছে গভীর ভালবাসা, আতৃত্ব ও মর্বাদা বোধ।
কিন্তু যারা আন্ত ধর্মে বিশাস রাখে এবং বেদ'আতী ও কুসকোর পূর্ণ
উৎসবাদি পালন করে ভালের এই কার্যকলাপ ভারা অধীকার ও নিবেধ
করেন। কেননা, এসব কাজ ধর্মে নতুন সংযোজন হিসেবে পরিগণিত ভার
সব নতুন সংযোজনই বেদ'আত।

আত্নাহ তারালা ও তাঁর রাসূল এসবের অনুমতি দেননি। ইসলামী শরীরত একটি পরিপূর্ণ ও বরংসম্পূর্ণ ধর্ম। এতে নতুন কিছু সংযোজনের কোন প্ররোজন বা অবকাশ নেই। তাই মুসলমানদের ওধুমাত্র অনুকরণের নির্দেশ পেওরা হরেছে, নব—নব ধর্ম প্রথা প্রবর্তনের জন্য বলা হরনি। সাহাবা ও তাঁদের সঠিক অনুসারী তাবে'রীন থেকে সকল আহলে সুরাত ওরাল জামারাত এ বিবরটি সম্যক্তাবে সমর্থন ও গ্রহণ করেছেন।

এ কথা মনে করা ঠিক নর যে, রাস্পূলাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম—এর জন্মোৎসব পালন বা এর সংশ্লিষ্ট শিরক ও অভিরক্তনকে নিবেধ করা কোনরূপ অনৈসলামিক কাজ এবং এতে রাস্পূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের প্রতি অবক্তা প্রদর্শন করা হয়। বরং এটা ভো রাস্পেরই আনুগত্য ও তাঁরই নির্দেশ পালন। তিনি বলেছেন—

'সাবধান! ধর্মে অভিরক্তন করো না। তোমাদের আগে যারা ছিল তারা ধর্মে অভিরক্তনের ফলেই ধ্বংসপ্রাপ্ত হয়েছে।' তিনি আরও বলেছেন– 'তোমরা আমার এমন অভি প্রশংসা করো না যেমন খ্রীষ্টানগণ ইবনে ৰুৱাতে রাসৃদ আঁকড়ে ধরা এবং বিদলা'ছ খেকে সভৰ্ক থাকা স্বশরিহার্ব

মারইরাম (ঈসা আলাইহিস সালাম) এর আও প্রশংসা করেছে। আমি তো মাত্র একজন বান্দা। তাই আমাকে 'আল্লাহর বান্দা ও তাঁর রাসূল বলে উল্লেখ করে।'

উপরোক্রেখিত প্রবন্ধ সম্পর্কে এটুকুই আমার বক্তব্য। আল্লাহ তারা'লার কাছে প্রার্থনা করছি, তিনি যেন আমাদের ও অন্যান্য সকল মুসলমানকে দ্বীন উপলব্ধি করার, এর উপর কায়েম থাকার, সুরাতে রাসূল দৃঢ়তাবে ধারণ করার এবং বেদ'আত থেকে বেঁচে থাকার তাওকীক দান করেন। নিচয়ই তিনি অশেষ দাতা ও পরম করুণাময়।

আল্লাহ তারা'লা আমাদের প্রিন্ন নবী মৃহামদ (সঃ), তাঁর পরিবার– পরিজন ও সাহাবীদের উপর দর্মদ ও সালাম বর্ষণ করোল

—: সমা<del>ও</del> :—

T

#### فهرسة مكتبة الملك فهد الوطنية أثناء النشر ابن باز، عبدالعزيز بن عبدالله

وجوب لزوم السنة والحذر من البدعة / ترجمة محمد رقيب

الدين أحمد حسين. - الرياض

۲۰X۱٤ سم ؛ ۲۶ ص

ردمك: ٧-٢-٩١٨٣ - ٩٩٦٠

(النص باللغة البنغالية)

١- الصراط المستقيم ٢- البدع في الإسلام

1 - حسين أحمد رقيب الدين أحمد (مترجم) ب- العنوان

رقم الإيداع: ١٨/١٦٨٥

ردمك: ٧-٢-٩١٨٣ -٩٩٦٠

# و بِمُؤْثِ الرُّوالسَّنَّةِ وَالْحَدْرَمِّنَ البَّدِّعَةِ

لسَمَاحَة الشَّيخ عَبدالعَنهُ يُزِين عَبدالله بن بَاز

نقلرالى اللغة البنغالية محدرقيب الدين أمحدجسسين

# لنبلغ الإسلام معا

# من إنجازات المكتب

#### قسسم الجاليات

إسلام أكثر من ثلاثة آلاف

شخص مابين رجل وامرأة

إقامة رحلة للحج رحلة للعمرة

تفطير أكثر من تسعية آلاف صائم في شهر رمضان.

إقامـــة ستـــة دروس مستمــرة للجاليات بعدة لغات.

#### قسم الدعوة

طباعــة العديـــد مـــن الكتــب والمطويـــات وتوزيـــع الأشرطـــة السمعية.

دعم المشاريع الدعوية والعلمية والتوعوية صلاحا للبلاد والعباد.

التنسيق المستمر للعلماء وطلبة العلسم في الحاضسرات والسدورات العلمية والكلمات التوجيهية بشكل أسبوعي.

إقامــة ١٣ درســا أسبوعيـــا في المساجد .

لطلب الكميات/ الإتصال بقسم الدعوة في المكتب





الرياض - حي المنار - خلف مستشفى اليمامية

هاتف/ ۱۲۳۰۱۹۶ - ۱۲۳۵۰۱۹۰ فاکس/ ۱۲۳۰۱۶۹۰

رقتم الحساب: ۲٤۱۰۰۳۹۰۰/۶